

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২৫৬

আগরতলা, ২৮ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

২০২৮-২৯ অর্থবছরের মধ্যে ত্রিপুরা আলুবীজ  
উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে : কৃষিমন্ত্রী

২০২৮-২৯ অর্থবছরের মধ্যে ত্রিপুরা আলুবীজ উৎপাদনে  
স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে বলে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল  
নাথ আশা প্রকাশ করেছেন। আজ রাজ্য বিধানসভায় রাজ্যের চাষিদের  
উৎপাদিত আলুর প্রসঙ্গে বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে তিনি  
বলেন, ধানের বীজ উৎপাদনে ত্রিপুরা ইতিমধ্যেই দারুণ সাফল্য দেখিয়েছে।  
উন্নতমানের বীজ থেকে আলু উৎপাদন করে রাজ্যের চাষিরা এখন  
সবাইকে তাক লাগিয়ে দিচ্ছেন। এ.আর.সি. পটেটো নামে একটি  
উন্নতমানের বীজ ব্যবহার করে গড়ে কানি প্রতি ৬ হাজার কেজি আলু  
উৎপাদিত হচ্ছে বলে কৃষিমন্ত্রী জানিয়েছেন। কৃষিমন্ত্রী জানান, আকারের  
দিক দিয়ে আলুগুলি স্বাভাবিক আলুর তুলনায় অনেক বড়। কোনও  
ক্ষেত্রে দুটি আলুর ওজন ১ কেজির উপর হয়ে যাচ্ছে। কৃষিমন্ত্রী  
রাজ্যের কৃষকদের উৎপাদিত এই আলু আজ একটি প্যাকেটের মাধ্যমে  
মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার হাতে তুলে দেন।

\*\*\*\*\*